- অশুদ্ধ: এটা অপক্ক হাতের লেখা।
    - শুদ্ধ: এটা কাঁচা হাতের লেখা।
- অশুদ্ধ: এটি অপক্ক হাতের কাজ।
    - শুদ্ধ: এটি অপটু হাতের কাজ।

- অশুদ্ধ: এটি একটি মহৎ আবিস্কার।
  - শুদ্ধ: এটি একটি মহৎ আবিষ্কার।
- অশুদ্ধ: এটি দল কোন্দল।
  - শুদ্ধ: এটি দলীয় কোন্দল।

- অশুদ্ধ: এটি সার্বজনীন ব্যাপার।
  - শুদ্ধ: এটি সর্বজনীন ব্যাপার।
- অশুদ্ধ: এতো বড়ো মানুষ হয়েও আপনার সৌজন্যতার কমতি নাই ।
  - শুদ্ধ: এত বড়ো মানুষ হয়েও আপনার সৌজন্যের/সুজনতার কমতি নাই।

- অশুদ্ধ: এমন অষহনীয় ব্যাথা কখনো অনুভব করিনি।
  - শুদ্ধ: এমন অসহ্য ব্যথা কখনো অনুভব করিনি।
- অশুদ্ধ: এমন কিছু লোকদের কথা বললেন যারা রাজাকার।
  - শুদ্ধ: এমন কিছু লোকের কথা বললেন, যারা রাজাকার।

- অশুদ্ধ: এমন লজ্জাস্কর ব্যাপার যে ঘটবে তাহা কদাপিও চিন্তা করিনি।
  - শুদ্ধ: এমন লজ্জাকর ব্যাপার যে ঘটবে তা কখনো চিন্তা করিনি।
- অশুদ্ধ: এর একটা ব্যাবস্থা কর।
  - শুদ্ধ: এর একটা ব্যবস্থা কর।

- অশুদ্ধ: ঐ লোকটি খুব বহুত সৎ।
    - শুদ্ধ: লোকটি খুব সৎ।
- অশুদ্ধ: কস্ট অর্থ ক্লেস।
    - শুদ্ধ: কষ্ট অর্থ ক্লেশ।

- অশুদ্ধ: কায়কবাদ মহাশশান লেখেন।
    - শুদ্ধ: কায়কোবাদ 'মহাশ্মশান' লেখেন।
- অশুদ্ধ: কালীদাস বিখ্যাত কবি।
    - শুদ্ধ: কালিদাস বিখ্যাত কবি ।

- অশুদ্ধ: কিছু কিছু মানুষ আছে যে অন্যের ভালো দেখতে পারে না।
    - শুদ্ধ: কিছু কিছু মানুষ আছে যারা অন্যের ভালো দেখতে পারে না।
- অশুদ্ধ: কীর্তিবাস বাঙলা রামায়ণ রচনা করেছিলেন।
    - শুদ্ধ: কৃত্তিবাস বাংলা রামায়ণ রচনা করেছিলেন।

- অশুদ্ধ: কুআকারের মানুষগুলো ভালো স্বভাবেরও হয়।
    - শুদ্ধ: কদাকার মানুষগুলো ভালো স্বভাবেরও হয়।
- অশুদ্ধ: কুপুরুষের মত কথা বল কেন?
    - শুদ্ধ: কাপুরুষের মতো কথা বল কেন?

- অশুদ্ধ: ক্রিয়ার সঙ্গে যেসব বিভক্তি যুক্ত হয় তাদেরকে ক্রিয়াবিভক্তি বলে।
  - শুদ্ধ: ক্রিয়ার সঙ্গে যেসব বিভক্তি যুক্ত হয় তাদের ক্রিয়াবিভক্তি বলে।
- অশুদ্ধ: ক্ষমা একটি মহানগুণ
  - শুদ্ধ: ক্ষমা একটি মহৎ গুণ।

- অশুদ্ধ: গরুকে দিয়ে শুধু লাঙল না গাড়িও টানা হয়।
- শুদ্ধ: গোরু দিয়ে শুধু লাঙল না গাড়িও টানা হয়।
- অশুদ্ধ: গেলাসে করে দুধ দাও।
- শুদ্ধ: গেলাসে দুধ দাও।

- অশুদ্ধ: ঘটনাটি শুনে আপনি তো উদ্বেলিত হয়ে পড়েছিলেন।
  - শুদ্ধ: ঘটনাটি শুনে আপনি তো উদ্বেল হয়েছিলেন।
- অশুদ্ধ: ঘড়িকে হাতে দাও।
  - শুদ্ধ: ঘড়ি হাতে দাও/ ঘড়িটি হাতে দাও।

- অশুদ্ধ: ঘরটি ছিমছিমে অন্ধকার ।
  - শুদ্ধ: ঘরটি ঘুটঘুটে অন্ধকার।
- অশুদ্ধ: ঘামজলে তার শার্ট ভিজে গেছে।
  - শুদ্ধ: ঘামে তার শার্ট ভিজে গেছে।

- অশুদ্ধ: ঘি মাখা ভাত ডিম দিয়ে খেতে খুব মজা।
    - শুদ্ধ: ঘিভাত ডিম দিয়ে খেতে খুব মজা।
- অশুদ্ধ: ছয়টি ঋতুর সমাহারের দেশ বাংলাদেশ।
    - শুদ্ধ: ছয় ঋতুর দেশ বাংলাদেশ।

- অশুদ্ধ: ছেলেটি নিস্পাপী নিরপরাধী কিন্তু সেই শেষ বংশের মাথায় চূণকালী দিল।
  - শুদ্ধ: ছেলেটি নিষ্পাপ, নিরপরাধ কিন্তু সে-ই শেষ পর্যন্ত বংশের মুখে চুনকালি দিল।
- অশুদ্ধ: ছেলেটি ভয়ানক মেধাবী
  - শুদ্ধ: ছেলেটি অত্যন্ত মেধাবী।

- অশুদ্ধ: ছোট নাটকটি সবাইকে মুগ্ধ করল।
    - শুদ্ধ: নাটিকাটি সবাইকে মুগ্ধ করল।
- অশুদ্ধ: জ্যোৎস্না রাত বড়োই মাধুর্যময়।
    - শুদ্ধ: জ্যোৎস্না রাত বড়োই মধুর।

- অশুদ্ধ: ঢাকা দিন দিন তার ভারসাম্যতা হারিয়ে ফেলছে।
  - শুদ্ধ: ঢাকা দিন দিন তার ভারসাম্য হারিয়ে ফেলছে।
- অশুদ্ধ: ঢাকার সৌন্দর্যতা বৃদ্ধিতে কয়েকটি প্রতিষ্ঠান কাজ করছে।
  - শুদ্ধ: ঢাকার সৌন্দর্য বৃদ্ধিতে কয়েকটি প্রতিষ্ঠান কাজ করছে।

- অশুদ্ধ: তপ্ত ভাতে নুন জোটে না, ঠাণ্ডা ভাতে ঘি
    - শুদ্ধ: তপ্ত ভাতে নুন জোটে না, পান্তা ভাতে ঘি।
- অশুদ্ধ: তবলাওয়ালা ভালোই তবলা বাজার।
    - শুদ্ধ: তবলচি বা তবলাবাদক ভালোই তবলা বাজায়।

- অশুদ্ধ: তাড়া আমরাতলায় বসে আমরা খাওয়ার সময় মালির তারা খেয়েছে।
  - শুদ্ধ: তারা আমড়াতলায় বসে আমড়া খাওয়ার সময় মালির তাড়া খেয়েছে।
- অশুদ্ধ: তাদের যথোচিত পুরষ্কার দাও।
  - শুদ্ধ: তাদের যথোচিত পুরস্কার দাও।

- অশুদ্ধ: তাদেরকে দিয়ে একাজ করিও না।
    - শুদ্ধ: তাদের দিয়ে একাজ করিও না।
- অশুদ্ধ: তার অন্তর অজ্ঞান সমুদ্রে আচ্ছন্ন।
    - শুদ্ধ: তার অন্তর তিমিরাচ্ছন্ন।

- অশুদ্ধ: তার কথার মাধুর্যতা নাই।
    - শুদ্ধ: তার কথার মাধুর্য/ মধুরতা নাই।
- অশুদ্ধ: তার দারিদ্রতা অসহনীয়।
    - শুদ্ধ: তার দারিদ্র্য অসহনীয়/তার দরিদ্রতা অসহনীয়

- অশুদ্ধ: তার দুচোখ অশ্রুজলে ভেসে গেল।
  - শুদ্ধ: তার দুচোখ অশ্রুতে ভেসে গেল।
- অশুদ্ধ: তার দুরাবস্থা দেখিলে দুঃখী হয়।
  - শুদ্ধ: তার দুরবস্থা দেখলে দুঃখ হয়।

- অশুদ্ধ: তার মা খুব মহান নেতা ছিলেন।
  - শুদ্ধ: তার মা খুব মহীয়সী নেতা ছিলেন।
- অশুদ্ধ: তার সব ছেলেরাই কৃতি।
  - শুদ্ধ: তার সব ছেলেই কৃতী।

- অশুদ্ধ: তারাকাবৃন্দ আকাশে মিটিমিটি করে জ্বলছে।
    - শুদ্ধ: তারকারাজি আকাশে মিটিমিটি করে জ্বলছে
- অশুদ্ধ: তারা শব পোড়াতে গেল।
    - শুদ্ধ: তারা শবদাহ করতে গেল।

- অশুদ্ধ: তারা সকলেই এলো।
    - শুদ্ধ: তারা এলো/ সকলেই এলো।
- অশুদ্ধ: তালে কানা লোককে দিয়ে কিছুই হবে না।
    - শুদ্ধ: তালকানা লোককে দিয়ে কিছুই হবে না।

- অশুদ্ধ: তাহাদের মধ্যে বেশ সখ্যতা দেখিতে পাই।
    - শুদ্ধ: তাহাদের মধ্যে বেশ সখ্য দেখিতে পাই।
- অশুদ্ধ: তাহার জীবন সংশয়ময়।
    - শুদ্ধ: তাহার জীবন সংশয়াপূর্ণ।

- অশুদ্ধ: তাহার দুর্দমনীয় অধ্যাবসায় সত্যিই প্রশংসনীয়।
    - শুদ্ধ: তাহার অধ্যবসায় সত্যিই প্রশংসনীয়।
- অশুদ্ধ: তাহার বৈমাত্রেয় সহোদর অসুস্থ।
    - শুদ্ধ: তাহার বৈমাত্রেয় ভ্রাতা অসুস্থ।

- অশুদ্ধ: তাহার সাংঘাতিক আনন্দ হইল।
    - শুদ্ধ: তাহার অপরিসীম আনন্দ হইল।
- অশুদ্ধ: তাহার সৌন্দর্যবোধ আমাকে অভিভূত করেছে।
    - শুদ্ধ: তার সৌজন্যবোধ আমাকে অভিভূত করেছে।

- অশুদ্ধ: তাহারা যেন ভূল করার প্রতিযোগিতায় নেমেছে।
    - শুদ্ধ: তারা যেন ভুল করার প্রতিযোগিতায় নেমেছে
- অশুদ্ধ: তিনি তোমার বিরুদ্ধে সাক্ষী দিলেন।
    - শুদ্ধ: তিনি তোমার বিরুদ্ধে সাক্ষ্য দিলেন।

- অশুদ্ধ: তিনি মনোকষ্টে কাল কাটাচ্ছেন।
    - শুদ্ধ: তিনি মনঃকষ্টে কাল কাটাচ্ছেন।
- অশুদ্ধ: তিনি স্বসম্মানে হল ত্যাগ করলেন।
    - শুদ্ধ: তিনি সসম্মানে হল ত্যাগ করলেন।

- অশুদ্ধ: তিনি স্বস্ত্রীক বাজারে গিয়েছেন।
    - শুদ্ধ: তিনি সস্ত্রীক বাজারে গিয়েছেন।
- অশুদ্ধ: তুমি কী ঢাকা যাবে?
    - শুদ্ধ: তুমি কি ঢাকা যাবে?

- অশুদ্ধ: তুমি নির্দোষী নও
    - শুদ্ধ: তুমি নির্দোষ নও।
- অশুদ্ধ: তুমি, করিম ও আমি আজ পড়িতে যাইব।
    - শুদ্ধ: করিম, তুমি ও আমি আজ পড়িতে যাইব।

- অশুদ্ধ: তোমার কথায় বুকেতে আঘাত পাই।
  - শুদ্ধ: তোমার কথায় বুকে আঘাত পাই।
- অশুদ্ধ: তোমার তিরস্কার বা পুরষ্কার কিছুই চাই না।
  - শুদ্ধ: তোমার তিরস্কার বা পুরস্কার কিছুই চাই না।

- অশুদ্ধ: তোমার সাথে আমার একটি গোপন পরামর্শ আছে।
    - শুদ্ধ: তোমার সঙ্গে আমার একটি গোপনীয় পরামর্শ আছে ।
- অশুদ্ধ: দরিদ্র আমাদের দেশের একটি অভিশাপ।
    - শুদ্ধ: দারিদ্র্য আমাদের দেশের একটি অভিশাপ।

- অশুদ্ধ: দরীদ্রকে দয়া কর।
  - শুদ্ধ: দরিদ্রকে দয়া কর।
- অশুদ্ধ: দারিদ্র কবি কাজী নজরুল ইসলামকে মহান করেছে।
  - শুদ্ধ: দারিদ্র্য কবি কাজী নজরুল ইসলামকে মহান করেছে।

- অশুদ্ধ: দারিদ্রতার মধ্যেই মহত্ব আছে।
    - শুদ্ধ: দরিদ্রতার মধ্যেই মহত্ত্ব আছে।
- অশুদ্ধ: দিবারাত্র পরিশ্রমে তাহার শারীরিক স্বাস্থ্য ভঙ্গ হইয়াছে।
    - শুদ্ধ: দিবারাত্র পরিশ্রমে তাহার স্বাস্থ্য ভঙ্গ হইয়াছে।

- অশুদ্ধ: দুধ মাখা ভাত কাকে যায়।
  - শুদ্ধ: দুধভাত কাকে খায়।
- অশুদ্ধ: দুর্বলতাবশতঃ অনাধিনী বসে পড়ল।
  - শুদ্ধ: দুর্বলতাবশত অনাথা বসে পড়ল।

- অশুদ্ধ: দুর্বিসহ বানানটি অধিকাংশ ব্যাক্তি ভূল লেখে।
    - শুদ্ধ: দুর্বিষহ বানানটি অধিকাংশ ব্যক্তি ভুল লেখে।
- অশুদ্ধ: দৈনতা সব সময় ভাল নয়।
    - শুদ্ধ: দীনতা সব সময় ভালো নয়।

- অশুদ্ধ: দৈন্য সর্বদা মহত্বের পরিচায়ক নয়।
  - শুদ্ধ: দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়।
- অশুদ্ধ: ধর্মের কল বাতাসেতে নড়ে।
  - শুদ্ধ: ধর্মের কল বাতাসে নড়ে।

- অশুদ্ধ: পয়লা বৈশাখ বাঙালির আসল উচ্ছবের দিন।
  - শুদ্ধ: পয়লা বৈশাখ বাঙালির আসল উৎসবের দিন।
- অশুদ্ধ: পরবর্তিকালে/পরবর্তী সময়ে আপনি আসবেন।
  - শুদ্ধ: পরবর্তীতে আপনি আসবেন।

- অশুদ্ধ: পরের মাথায় বন্দুক রেখে শিকার।
    - শুদ্ধ: পরের কাঁধে বন্দুক রেখে শিকার।
- অশুদ্ধ: পাহাড়কে নাড়ায় সাধ্য কার
    - শুদ্ধ: পাহাড় নাড়ায় সাধ্য কার।

- অশুদ্ধ: পিপিলিকা আর মরিচিকার পিছু ধাওয়া করা একই কথা।
    - শুদ্ধ: পিপীলিকা আর মরীচিকার পিছু ধাওয়া করা একই কথা।
- অশুদ্ধ: প্রধানমন্ত্রীর সঙ্গে অন্যান্য মন্ত্রীবর্গ উপস্থিত ছিলেন।
    - শুদ্ধ: প্রধানমন্ত্রীর সঙ্গে অন্যান্য মন্ত্রী উপস্থিত ছিলেন।

- অশুদ্ধ: প্রাতকালে লোকটি গাত্রস্থান করে।
    - শুদ্ধ: প্রাতঃকালে লোকটি গাত্রোত্থান করে।
- অশুদ্ধ: প্রায়ই অর্থ কথাগুলো বড় অস্পষ্ট হয়ে থাকে।
    - শুদ্ধ: বড়ো কথাগুলোর অর্থ প্রায়ই অস্পষ্ট হয়ে থাকে।

- অশুদ্ধ: প্রেমগঙ্গা আজ এমন করিয়া উদ্বেল আর হইল কেন?
  - শুদ্ধ: প্রেমযমুনা আজ এমন উদ্বেল হইল কেন?
- অশুদ্ধ: ফুল দিয়ে তাঁকে সুস্বাগতম জানানো সবার কর্তব্য।
  - শুদ্ধ: ফুল দিয়ে তাঁকে স্বাগত জানানো সবার কর্তব্য।

- অশুদ্ধ: বংকিমচন্দ্রের ভয়ানক প্রতিভা ছিল।
  - শুদ্ধ: বঙ্কিমচন্দ্রের অসাধারণ প্রতিভা ছিল।
- অশুদ্ধ: বইকে পুড়িয়ে ফেলো। অথবা, বইগুলোকে পুড়িয়ে ফেলো।
  - শুদ্ধ: বই/বইটি পুড়িয়ে ফেলো। (একবচন) অথবা, বইগুলো পুড়িয়ে ফেলো। (বহুবচন)

- অশুদ্ধ: বইটি তার জরুরি প্রয়োজন।
  - শুদ্ধ: বইটি তার (খুব) প্রয়োজন।
- অশুদ্ধ: বমালশুদ্ধ চোর ধরা পড়েছে।
  - শুদ্ধ: বমাল বা মালসুদ্ধ চোর ধরা পড়েছে।

- অশুদ্ধ: বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
    - শুদ্ধ: বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ।
- অশুদ্ধ: বাংলা বানান আয়ত্ব করা কঠিন নয়।
    - শুদ্ধ: বাংলা বানান আয়ত্ত করা কঠিন নয়।

- অশুদ্ধ: বাংলা ব্যাকরণ অত্যান্ত জটিল।
    - শুদ্ধ: বাংলা ব্যাকরণ অত্যন্ত জটিল।
- অশুদ্ধ: বাংলাদেশ একটি উন্নতশীল আধুনিক রাষ্ট্র।
    - শুদ্ধ: বাংলাদেশ একটি উন্নতিশীল/ উন্নয়নশীল আধুনিক রাষ্ট্র।

- অশুদ্ধ: বাজীকরের অদ্ভুত ক্রিয়া দেখিয়া ছাত্রগণেরা প্রফুল্লিত হল।
    - শুদ্ধ: বাজিকরের অদ্ভুত খেলা দেখে ছাত্ররা আনন্দিত হল।
- অশুদ্ধ: বাসের ধাক্কায় তিনি চোখের দৃষ্টিশক্তি হারিয়েছেন।
    - শুদ্ধ: বাসের ধাক্কায় তিনি দৃষ্টিশক্তি হারিয়েছেন।

- অশুদ্ধ: বিকার লোক যে কোন সময় ক্ষতি করতে পারে।
    - শুদ্ধ: বিকৃত লোক যে কোনো সময় ক্ষতি করতে পারে।
- অশুদ্ধ: বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।
    - শুদ্ধ: বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।

- অশুদ্ধ: বিদ্যান ব্যক্তিগণ দরিদ্রের শিকার হন।
  - শুদ্ধ: বিদ্বান ব্যক্তিগণ দারিদ্র্যের শিকার হন।
- অশুদ্ধ: বিদ্যান হইতে হলে নিয়মিত অধ্যায়ন করতে হয়।
  - শুদ্ধ: বিদ্বান হতে হলে নিয়মিত অধ্যয়ন করতে হয়।

- অশুদ্ধ: বিপদগ্রস্থকে সাহায্য কর।
  - শুদ্ধ: বিপদগ্রস্তকে সাহায্য কর।
- অশুদ্ধ: বুনো কচু, বাঁঘা তেঁতুল।
  - শুদ্ধ: বুনো ওল, বাঘা তেঁতুল।

- অশুদ্ধ: বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হইয়াছে
  - শুদ্ধ: বৃক্ষটি মূলসহ উৎপাটিত হইয়াছে।
- অশুদ্ধ: বেশি চাতুর্যতা দেখাতে গিয়ে শেষে নিজেই দল থেকে বাদ পড়লেন।
  - শুদ্ধ: বেশি চাতুর্য/ চতুরতা দেখাতে গিয়ে শেষে নিজেই দল থেকে বাদ পড়লেন।

- অশুদ্ধ: ব্যাপারটি ছিল আপনার জন্য লজ্জাস্কর।
  - শুদ্ধ: ব্যাপারটি ছিল আপনার জন্য লজ্জাকর/ লজ্জাজনক।
- অশুদ্ধ: ভাত ছড়ালে শালিকের অভাব হয় না
  - শুদ্ধ: ভাত ছড়ালে কাকের অভাব হয় না।

- অশুদ্ধ: ভারত ব্রিটিশদের অধীনস্থ ছিল বলেই তারা যুদ্ধ করেছিল।
    - শুদ্ধ: ভারত ব্রিটিশদের অধীনে ছিল বলেই তারা যুদ্ধ করেছিল।
- অশুদ্ধ: ভিক্ষুকদেরকে ভিক্ষা দাও।
    - শুদ্ধ: ভিক্ষুককে ভিক্ষা দাও। (একবচন)/ভিক্ষুকদের ভিক্ষা দাও। (বহুবচন)

- অশুদ্ধ: মনরঞ্জন মনমোহনের বড়ো ভাই।
  - শুদ্ধ: মনোরঞ্জন মনোমোহনের বড়ো ভাই।
- অশুদ্ধ: মনস্কামনা পূর্ণ না হওয়ায় সে মনোস্তাপ ভুগছে।
  - শুদ্ধ: মনস্কামনা পূর্ণ না হওয়ায় সে মনস্তাপে ভুগছে।

- অশুদ্ধ: মহারাজ সভাগৃহে প্রবেশ করলেন।
    - শুদ্ধ: মহারাজ সভাকক্ষে প্রবেশ করলেন।
- অশুদ্ধ: মাতাহীন শিশুর অনেক দুঃখ।
    - শুদ্ধ: মাতৃহীন শিশুর অনেক দুঃখ।

- অশুদ্ধ: মাতাহীন শিশুর কি দুঃখ ।
  - শুদ্ধ: মাতৃহীন শিশুর অনেক দুঃখ।
- অশুদ্ধ: গাড়িগুলোতে আগুন ধরিয়ে তারা পালালো।
  - শুদ্ধ: মালগাড়িগুলোতে আগুন ধরিয়ে তারা পালালো।

- অশুদ্ধ: মুমুর্ষ রোগীকে শুশ্রসা কর।
    - শুদ্ধ: মুমূর্ষু রোগীকে শুশ্রূষা কর।
- অশুদ্ধ: মেয়েটি সুকেশৈলী ও সুহাসি
    - শুদ্ধ: মেয়েটি সুকেশী ও সুহাসিনী।

- অশুদ্ধ: মেয়েটি স্বয়ম্বর।
    - শুদ্ধ: মেয়েটি স্বয়ংবরা।
- অশুদ্ধ: যাদুঘরে কিন্তু যাদু দেখানো হয় না।
    - শুদ্ধ: জাদুঘরে কিন্তু জাদু দেখানো হয় না।

- অশুদ্ধ: যাবতীয় লোক সমূহ সভায় উপস্থিত ছিল।
  - শুদ্ধ: যাবতীয় লোক সভায় উপস্থিত ছিল।
- অশুদ্ধ: যার লাঠি, তার ঘাটি।
  - শুদ্ধ: যার লাঠি, তার মাটি।

- অশুদ্ধ: যেসব অর্থহীন বর্ণ বা বর্ণসমষ্টি শব্দের পরে বসে শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে।
  - শুদ্ধ: যেসব অর্থহীন বর্ণ বা বর্ণসমষ্টি শব্দের পরে বসে শব্দ গঠন করে তাদের প্রত্যয় বলে।
- অশুদ্ধ: যেসব ছাত্রদের নিয়ে কথা তারা বখাটে।
  - শুদ্ধ: যেসব ছাত্রকে নিয়ে কথা তারা বখাটে।

- অশুদ্ধ: রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য।
    - শুদ্ধ: রচনাটির উৎকর্ষ অনস্বীকার্য।
- অশুদ্ধ: রহিম ছেলেদের মধ্যে কনিষ্ঠতম/তর।
    - শুদ্ধ: রহিম ছেলেদের মধ্যে কনিষ্ঠ।

- অশুদ্ধ: রহিমসহ আরো অনেকেই আছেন এই নাটকে।
  - শুদ্ধ: রহিমসহ অনেকেই আছেন এই নাটকে।
- অশুদ্ধ: রহিমা পাগলিনী হয়ে গেছে।
  - শুদ্ধ: রহিমা পাগল হয়ে গেছে।

- অশুদ্ধ: রীতিকে অধিক্রম না করেও যথারীতি সে বড়লোক।
  - শুদ্ধ: যথারীতি সে বড়োলোক।
- অশুদ্ধ: লক্ষ লক্ষ জনতারা সভায় উপস্থিত হয়েছিল।
  - শুদ্ধ: লক্ষ লক্ষ জনতা সভায় উপস্থিত হয়েছিল।

- অশুদ্ধ: লালালু খুব পুষ্টিকর।
    - শুদ্ধ: লাল আলু খুব পুষ্টিকর।
- অশুদ্ধ: লেখাপড়ায় তার মনযোগ নেই।
    - শুদ্ধ: লেখাপড়ায় তার মনোযোগ নেই।

- অশুদ্ধ: লোকজন তার প্রতিকূলে নাই।
    - শুদ্ধ: লোকজন তার অনুকূলে নাই।
- অশুদ্ধ: লোকটি কায়দায় নাই।
    - শুদ্ধ: লোকটি বেকায়দায় আছে।

- অশুদ্ধ: লোকটি মিশির মতো কালো হয়েও সাদা মনের মানুষ।
  - শুদ্ধ: লোকটি মিশকালো হয়েও সাদা মনের মানুষ।
- অশুদ্ধ: শওকত ওসমানের কৃতদাসের হাসি একটি আদমজি পুরষ্কার প্রাপ্ত উপন্যাস।
  - শুদ্ধ: শওকত ওসমানের ক্রীতদাসের হাসি আদমজি পুরস্কারপ্রাপ্ত উপন্যাস।

- অশুদ্ধ: শরীর অসুস্থ্যের জন্য আমি কাল আসিতে পারি নাই।
    - শুদ্ধ: অসুস্থতার জন্য আমি কল্য আসিতে পারি নাই।
- অশুদ্ধ: শশান ঘাট কোথায়?
    - শুদ্ধ: শ্মশান ঘাট কোথায়?

- অশুদ্ধ: শশীভূষণ কি আসে নাই?
    - শুদ্ধ: শশিভূষণ কি আসে নাই?
- অশুদ্ধ: শহর ও গ্রামে এখন ইলেকশনের আমেজ।
    - শুদ্ধ: শহরে ও গ্রামে এখন ইলেকশনের আমেজ।

- অশুদ্ধ: শহীদুল্লাহ কায়সার এবং মুনীর চৌধুরী দুজনই দেশের জন্য প্রাণ দিলেন।
    - শুদ্ধ: শহীদুল্লাহ কায়সার ও মুনীর চৌধুরী দুজনই দেশের জন্য প্রাণ দিলেন।
- অশুদ্ধ: শিক্ষা উপ-পরিচালক ও সহ-উপ পরিচালক আজ এই স্কুলে আসবেন।
    - শুদ্ধ: শিক্ষা উপপরিচালক ও সহউপপরিচালক আজ এই স্কুলে আসবেন।

- অশুদ্ধ: শিল্পায়নের সাহায্যে দেশ সমৃদ্ধশালী হইতে পারে।
  - শুদ্ধ: শিল্পায়নের সাহায্যে দেশ সমৃদ্ধ/ সমৃদ্ধিশালী হইতে পারে।
- অশুদ্ধ: শুধু নিচের না, দেশের উৎকর্ষতা সাধন করা প্রত্যেকেরই উচিত।
  - শুদ্ধ: শুধু নিজের না, দেশের উৎকর্ষ/ উৎকৃষ্টতা সাধন করা প্রত্যেকেরই উচিত।

- অশুদ্ধ: শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না।
    - শুদ্ধ: শুধু গায়ের জোরে কাজ হয় না।
- অশুদ্ধ: শুনেছি আপনি স্বস্ত্রীক ঢাকায় থাকেন।
    - শুদ্ধ: শুনেছি আপনি সস্ত্রীক/স্ত্রীসহ ঢাকায় থাকেন।

- অশুদ্ধ: সকল দৈন্যতা দূর হয়ে যাক।
  - শুদ্ধ: সকল দৈন্য/ দীনতা দূর হয়ে যাক।
- অশুদ্ধ: সকল সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন।
  - শুদ্ধ: সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন

- অশুদ্ধ: সকল সুধীমণ্ডলী উপস্থিত আছেন।
    - শুদ্ধ: সুধীমণ্ডলী উপস্থিত আছেন।
- অশুদ্ধ: সকল/সমস্ত যুদ্ধাপরাধীদের বিচার দাবি করেছে জনতা।
    - শুদ্ধ: সকল/সমস্ত যুদ্ধাপরাধীর বিচার দাবি করেছে জনতা

- অশুদ্ধ: সৎ চরিত্রবান লোক সবার কাছে প্রিয়।
    - শুদ্ধ: চরিত্রবান লোক সবার কাছে প্রিয়।
- অশুদ্ধ: সত্য প্রমাণ হোক।
    - শুদ্ধ: সত্য প্রমাণিত হোক।

- অশুদ্ধ: সব পাখিরা ঘর বাঁধে না।
  - শুদ্ধ: সব পাখি ঘর বাঁধে না।
- অশুদ্ধ: সব মাছগুলোর দাম কত?
  - শুদ্ধ: মাছগুলোর দাম কত?

- অশুদ্ধ: সবাই বাবা-মার সুস্বাস্থ্য কামনা করে।
  - শুদ্ধ: সবাই বাবা-মার সুস্থতা কামনা করে।
- অশুদ্ধ: সবিনয় পূর্বক নিবেদন করি।
  - শুদ্ধ: বিনয়পূর্বক নিবেদন করি।

- অশুদ্ধ: সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করিবে।
    - শুদ্ধ: সর্ব বিষয়ে বাহুল্য বর্জন করিবে।
- অশুদ্ধ: সশঙ্কিত চিত্তে সে বলল।
    - শুদ্ধ: শঙ্কিত চিত্তে সে বলল।

- অশুদ্ধ: সাপুড়ে সাপকে খেলায়।
    - শুদ্ধ: সাপুড়ে সাপ খেলায়।
- অশুদ্ধ: সারা জীবন ভুতের মজুরী খেটে মরলাম।
    - শুদ্ধ: সারা জীবন ভূতের বেগার খেটে মরলাম।

- অশুদ্ধ: সাহিত্য এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।
    - শুদ্ধ: সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান।
- অশুদ্ধ: সুজন, অন্যান্য মেয়র প্রার্থীদের খবর কী?
    - শুদ্ধ: সুজন, অন্যান্য মেয়র প্রার্থীর খবর কী?

- অশুদ্ধ: সূর্য উদয় হয়নি।
  - শুদ্ধ: সূর্য উদিত হয়নি।
- অশুদ্ধ: সে এমন রূপসী যেন অপ্সরী।
  - শুদ্ধ: সে এমন রূপবতী যেন অপ্সরা।

- অশুদ্ধ: সে কৌতুক করার কৌতূহল সম্বরণ করিতে পারিল না।
  - শুদ্ধ: সে কৌতুক করার কৌতূহল সংবরণ করিতে পারিল না।
- অশুদ্ধ: সে ক্যান্সারজনিত কারণে মারা গিয়েছে।
  - শুদ্ধ: সে ক্যান্সার/ ক্যান্সারজনিত রোগে মারা গিয়েছে।

- অশুদ্ধ: সে ক্রোধে আত্মহারা হইয়া উঠিয়াছে।
    - শুদ্ধ: সে ক্রোধান্ধ হইয়াছে।
- অশুদ্ধ: সে ভুড়ি ভুড়ি খেয়ে ভুরিটি বাড়িয়েছে।
    - শুদ্ধ: সে ভূরিভূরি খেয়ে ভুঁড়িটি বাড়িয়েছে।

- অশুদ্ধ: সে শৈশবেই মাতা বাপ হারিয়েছে।
    - শুদ্ধ: সে শৈশবেই মা-বাপ হারিয়েছে।
- অশুদ্ধ: সে সঙ্কট অবস্থায় পড়েছে।
    - শুদ্ধ: সে সঙ্কটে পড়েছে।

- অশুদ্ধ: সেখানে গেলে তুমি অপমান হবে।
  - শুদ্ধ: সেখানে গেলে তুমি অপমানিত হবে।
- অশুদ্ধ: সেলিনা হোসেন একজন বিদ্বান লেখিকা।
  - শুদ্ধ: সেলিনা হোসেন একজন বিদ্বান লেখক।
  - শুদ্ধ: অথবা, সেলিনা হোসেন একজন বিদুষী লেখিকা।

- অশুদ্ধ: স্নেহভাজন পুরুষলোককে পত্রের মূল আদিতে কল্যানীয়াসু বলিয়া সম্বোধন করিবে।
    - শুদ্ধ: স্নেহভাজন পুরুষলোককে লিখিত পত্রের আদিতে কল্যাণীয়েষু বলিয়া সম্বোধন করিবে।
- অশুদ্ধ: স্বল্পবিদ্যা ভয়ংকারী।
    - শুদ্ধ: অল্পবিদ্যা ভয়ংকারী।

- অশুদ্ধ: হাতে ব্যাথা পেয়েছি।
    - শুদ্ধ: হাতে ব্যথা পেয়েছি।
- অশুদ্ধ: হীন চরিত্রবান লোক পান।
    - শুদ্ধ: চরিত্রহীন লোক পশ্বধম।
- অশুদ্ধ: হে ত্রিনয়নী আমাকে রক্ষা কর।
    - শুদ্ধ: হে ত্রিনয়না, আমাকে রক্ষা কর ।

- অশুদ্ধ: সেখানে গেলে তুমি অপমান হবে।
  - শুদ্ধ: সেখানে গেলে তুমি অপমানিত হবে।
- অশুদ্ধ: সেলিনা হোসেন একজন বিদ্বান লেখিকা।
  - শুদ্ধ: সেলিনা হোসেন একজন বিদ্বান লেখক।
  - শুদ্ধ: অথবা, সেলিনা হোসেন একজন বিদুষী লেখিকা।

- অশুদ্ধ: স্নেহভাজন পুরুষলোককে পত্রের মূল আদিতে কল্যানীয়াসু বলিয়া সম্বোধন করিবে।
    - শুদ্ধ: স্নেহভাজন পুরুষলোককে লিখিত পত্রের আদিতে কল্যাণীয়েষু বলিয়া সম্বোধন করিবে।
- অশুদ্ধ: স্বল্পবিদ্যা ভয়ংকারী।
    - শুদ্ধ: অল্পবিদ্যা ভয়ংকারী।

- অশুদ্ধ: হাতে ব্যাথা পেয়েছি।
    - শুদ্ধ: হাতে ব্যথা পেয়েছি।
- অশুদ্ধ: হীন চরিত্রবান লোক পান।
    - শুদ্ধ: চরিত্রহীন লোক পশ্বধম।
- অশুদ্ধ: হে ত্রিনয়নী আমাকে রক্ষা কর।
    - শুদ্ধ: হে ত্রিনয়না, আমাকে রক্ষা কর ।